

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

৩০ সেপ্টেম্বর ২০২১খ্রি.

চসিক মেয়রের সাথে থাই রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাত ওশান পার্ক, এমিউজমেন্ট পার্ক ও মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভ প্রকল্পে সহযোগিতা চাইলেন মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর সাথে আজ বৃহস্পতিবার সকালে টাইগারপাসস্থ চসিকের অস্থায়ী কার্যালয়ের মেয়র দপ্তরে থাইল্যান্ডের রাষ্ট্রদূত এইচ.ই মিসেস মাকাওয়াদী সুমিতমোর (প্র.উ গণং. গধশধধিফবব বঁসরঃসডৎ) সৌজন্য সাক্ষাত করতে আসেন। রাষ্ট্রদূত মাকাওয়াদী কর্পোরেশন কার্যালয়ে এসে পৌঁছালে তাঁকে লাল গালিচা সংবর্ধনা ও ফুল দিয়ে উষ্ণ অভ্যর্থনা জানান মেয়র রেজাউল করিম চৌধুরী স্বাক্ষরকালে তাদের মধ্যে দ্বিপাক্ষিক ঐতিহাসিক বিষয় নিয়ে আলাপ আলোচনা হয়। এসময় থাই রাষ্ট্রদূত চট্টগ্রাম নগরীর প্রাকৃতিক সৌন্দর্যের প্রশংসা করে বলেন, আমরা এই নগরীকে পরিকল্পিত ও পরিবেশবান্ধব করে গড়ে তুলতে সহযোগিতার হাত প্রসারিত করতে চাই।

মেয়র রেজাউল করিম চৌধুরী বলেন, সমুদ্র, পাহাড়, নদী ঘেরা প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি চট্টগ্রাম। চট্টগ্রামে এলে যে কেউ চট্টগ্রামের রূপে বিমোহিত হয়। নগরীর এই সৌন্দর্য ধরে রাখতে আমরা প্রয়াস চালিয়ে যাচ্ছি। আমরা ইতিমধ্যে কাটলী লিংক রোডে ওশান পার্ক, এমিউজমেন্ট পার্ক ও মুক্তিযুদ্ধের স্মৃতি স্তম্ভ নির্মাণের উদ্যোগ নিয়েছি। তিন প্রকল্পে থাইল্যান্ডের সহযোগিতার জন্য থাই রাষ্ট্রদূতকে অনুরোধ জানান মেয়র। তিনি ইতিপূর্বে পাহাড় ধস রোধে বিন্যা ঘাস প্রকল্পে থাইল্যান্ড সহযোগিতা করায় রাষ্ট্রদূতকে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, অতিবৃষ্টি বা ভারি বর্ষণে চট্টগ্রামের পাহাড়া এলাকার পাহাড় ধস ও ভূমি ক্ষয়রোধে 'জাদুর ঘাস' খাত বিন্যা ঘাস পরিবেশবিদদের কাছেও প্রশংসা কুড়িয়েছে। থাই সহযোগিতায় আমরা আগামীতে এই প্রকল্পকে আরো সম্প্রসারিত করতে চাই।

সাক্ষাতকালে চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. শহীদুল আলম, প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, থাইল্যান্ডের বাংলাদেশস্থ কনসোল চেম্বারের সাবেক সভাপতি আমির হুমায়ুন মাহমুদ চৌধুরী উপস্থিত ছিলেন।

চসিক আইইউবির সাব ন্যাশনাল ভ্যালিডেশন ওয়ার্কশপ অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টগ্রাম পরিবেশগত ও অর্থনৈতিক ক্ষতির মুখে পড়েছে। পরিবেশগত অর্থনৈতিক ও রাজনৈতিক ঝুঁকির ক্ষেত্রে দশটি সূচকের মধ্যে সাতটি মাঝারি থেকে উচ্চ ঝুঁকিপূর্ণ ক্ষেত্রে রয়েছে এই শহর। চট্টগ্রামের পরিবেশ বজায় রাখা ও জলবায়ু মোকাবেলায় পদক্ষেপ নেয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ চট্টগ্রাম বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রেখে যাচ্ছে। তিনি আজ বৃহস্পতিবার সকালে চসিকের টাইগারপাস নগর ভবনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত জলবায়ু ও মহাসাগর ঝুঁকি দুর্বলতা সূচক ভ্যালিডেশন কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে একথাগুলো বলেন। কর্মশালাটি যৌথভাবে আয়োজন করে দ্যা ওশান পলিসি রিসার্চ ইনস্টিটিউট (ওপিআরআই) এবং দ্যা সাসাকা ওয়াপিস ফাউন্ডেশন (এসপিএফ)।

কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জাপানের সাসাকা ওয়াপিস ফাউন্ডেশনের প্রেডিডেন্ট আতসুশি সুনমি ও ওশান পলিসি রিসার্চ ইনস্টিটিউটের প্রেসিডেন্ট হিডে সাকা গুচি। আগত বক্তব্য আইইউবির উপ-উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান। কর্মশালার মডারেটর ছিলেন পরিচালক সেন্টার ফর বে অফ বেঙ্গল স্ট্যাডিজ আইইইবি তারিক এ করিম, পেপার উপস্থাপন করেন সেন্টার ফর বে অফ বেঙ্গল স্ট্যাডিজ আইইইবি ডেপুটি ডাইরেক্টর রিচার্স লিড ড. এমাদুল ইসলাম। উপস্থিত ছিলেন-ড. আমির মোহাম্মদ নসরুল্লাহ, অধ্যাপক ড. শাহরিয়ার কবির, সহযোগী অধ্যাপক ড. মো. খালেদ সাইফুল্লাহ, সহকারী অধ্যাপক ড. মিকোমাইকাওয়া ও সিনিয়র রিসার্চ ফেলো হাজিমেতাকানা, সরকারি বেসরকারি সংস্থার প্রতিনিধি, শিক্ষাবিদ, গবেষক উন্নয়ন কর্তৃপক্ষ, এনজিও কর্মী ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

চসিক মেয়রের সাথে গাউসিয়া কমিটির নেতৃবৃন্দ সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর সাথে আজ বৃহস্পতিবার বিকেলে তাঁর অফিস কক্ষে সৌজন্য সাক্ষাত করেন গাউসিয়া কমিটির নেতৃবৃন্দ। তাঁরা আসন্ন পবিত্র জশনে জুলসে ঈদে মিলাদুলন্নবী (সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উদযাপন উপলক্ষে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী সার্বিক সহযোগিতা চান। মেয়র তাদের সহযোগিতা বিষয়ে আশংসা প্রদান করেন।

এ সময় গাউসিয়া কমিটি বাংলাদেশের পঞ্চায়ে কেন্দ্রীয় পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব পেয়ার মোহাম্মদ, সাবেক কাউন্সিলর মুহাম্মদ হোসেন, নগর কমিটির সভাপতি আলহাজ্ব মুহাম্মদ মাহবুবুল আলম, সহসভাপতি আলহাজ্ব তসকীর আহমদ, সাধারণ সম্পাদক মাওলানা মোহাম্মদ আবদুল্লাহ, উত্তর জেলার প্রচার ও প্রকাশনা সম্পাদক আলহাজ্ব আহসান হাবীব চৌধুরী হাসান, চসিক মাদ্রাসা পরিদর্শক আলহাজ্ব মাওলানা মোহাম্মদ হারুনুর রশীদ চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩